

B.A. 2nd Semester (Honours) Examination, 2023 (CBCS)

Subject : Bengali

Course : CC-4

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত কবির একটি ভণিতা লেখো।
 (খ) 'অষ্টাহগীত' কাকে বলে?
 (গ) "এ ত মেয়ে মেয়ে নয় দেবতা নিশ্চয়।"— কাব্যংশটির তাৎপর্য লেখো।
 (ঘ) "লুকাইল দশমূর্তি সতী হৈলা সতী।"— সতীর এই দশমূর্তি কী কী?
 (ঙ) "কৃষ্ণচন্দ্রে দুই পক্ষ সদা জ্যোৎস্নাময়।"— ব্যাখ্যা করো।
 (চ) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত রাজা কৃষ্ণচন্দ্রের রাজ্যসীমার উল্লেখ করো।
 (ছ) "নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।"— কথাগুলির মর্মার্থ উদ্ধার করো।
 (জ) "শিবর হইল ক্রোধ শিবের বচনে।"— শিবর ক্রোধের কারণটি কী?
 (ঝ) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত দুটি প্রবাদ-প্রবচনের উল্লেখ করো।
 (ঞ) "কটক চর্চিয়া ভ্রমে চর দুইজন।"— এই দু'জন চর কে কে?
 (ট) নল ও নীল কারা?
 (ঠ) "শোকেতে পাগলী সীতা গড়াগড়ি খায়।"— সীতার এই শোকের কারণ কী?
 (ড) মাল্যবান কে? তার সঙ্গে রাবণের সম্পর্ক কী?
 (ঢ) বিদ্যুৎজিহ্ব কে? তাকে কোন কাজের দায়িত্ব দেওয়া হয়েছিল?
 (ণ) রাবণ কোন দেবতার থেকে কী বর পেয়েছিলেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'লঙ্কাকাণ্ড' অনুসরণে হনুমানের লঙ্কাদহনের কাহিনিটি সংক্ষেপে লেখো। হনুমানের মায়ের নাম কী?
 (খ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'গ্রহোৎপত্তির কারণ' অংশটির ঐতিহাসিক গুরুত্ব তুলে ধরো। উক্ত অংশে উল্লিখিত অন্নদার আবির্ভাব তিথি লেখো।
 (গ) "যেখানে কুলীন জাতি সেখানে কন্দল।"— কথাগুলির বক্তা কে? বক্তার এমন মন্তব্যের প্রসঙ্গ নির্দেশ করো।
 (ঘ) হরি হোড়ের পিতা ও মাতার নাম কী? 'অন্নদামঙ্গল' অবলম্বনে হরি হোড় চরিত্রটি বিশ্লেষণ করো।
 (ঙ) লঙ্কাকাণ্ড অবলম্বনে কুস্তকর্ণের পতনের কাহিনিটি লেখো। কুস্তকর্ণের পুত্রদ্বয়ের নাম কী?
 (চ) 'লঙ্কাকাণ্ড' অনুসরণে সীতা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। কুবের কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

(ক) “রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গলের গান রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য।”— মন্তব্যটি কার? মন্তব্যটির যথার্থতা তুলে ধরো।

অথবা,

‘অন্নদামঙ্গল’ কাব্যটির রচনার আনুমানিক সময়কালের উল্লেখ করো। ‘অন্নদামঙ্গল’ অবলম্বনে দেব-দেবীর চরিত্র অঙ্কনে ভারতচন্দ্রের বিশিষ্টতার পরিচয় দাও।

(খ) ‘লঙ্কাকাণ্ড’ অনুসরণে হাস্যরস সৃজনে কৃত্তিবাসের দক্ষতার পরিচয় দাও। অহিরাবণ কে?

অথবা,

কৃত্তিবাসী রামায়ণের ‘লঙ্কাকাণ্ড’ অনুসরণে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো। লঙ্কাপুরীর নির্মাতা কে?
